# বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড

দারিদ্র্য বিমোচনের লক্ষ্যে পুষ্টি সমৃদ্ধ উচ্চ মূল্যের অপ্রধান শস্য উৎপাদন ও বাজারজাতকরণ কর্মসূচী
পল্লী ভবন (৭ম তলা)
৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫।
Web: www.brdb.gov.bd

স্মারক নম্বর: ৪৭.৬২.০০০০.৯৮১.১৪.০১৪.১৯.৬৯ তারিখ: ৩১/১০/২০১৯ খ্রিঃ।

বিষয়: "দারিদ্র্য বিমোচনের লক্ষ্যে পুষ্টি সমৃদ্ধ উচ্চ মূল্যের অপ্রধান শস্য উৎপাদন ও বাজারজাতকরণ কর্মসূচী" শীর্ষক প্রকল্পের মাঠ পর্যায়ের কার্যক্রম বাস্তবায়ন সংক্রান্ত নির্দেশনা।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি) কর্তৃক বাস্তবায়নাধীন "দারিদ্র্য বিমোচনের লক্ষ্যে পুষ্টি সমৃদ্ধ উচ্চ মূল্যের অপ্রধান শস্য উৎপাদন ও বাজারজাতকরণ কর্মসূচী" শীর্ষক উন্নয়ন প্রকল্পটি সম্পূর্ণ জিওবি অর্থায়নে ২০৬৩৫.০৫ লক্ষ টাকা ব্যয়ে বাংলাদেশের পল্লীর দরিদ্র জনগোষ্ঠীর জীবনযাত্রার মানোন্নয়ন এবং অপ্রধান শস্যের আমদানি নির্ভরতা হ্রাসকরণের উদ্দেশ্যে বাস্তবায়িত হচ্ছে। প্রকল্পটি ০১/০১/২০১৯ খ্রিঃ তারিখ হতে ৩১/১২/২০২৩ খ্রিঃ মেয়াদে বাস্তবায়নযোগ্য হলেও প্রকৃতপক্ষে প্রকল্পের দাপ্তরিক কাজ বিগত ০১/০৯/২০১৯ খ্রিঃ তারিখ হতে শুরু হয়েছে। ফলে প্রকল্পটির বাস্তবায়ন কার্যক্রম ০১/০৯/২০১৯ খ্রিঃ তারিখ হতে শুরু হয়েছে মর্মে বিবেচিত। প্রকল্পটির সফল বাস্তবায়ন বিআরডিবি'র সুনাম অক্ষুন্ন রাখায় একান্ত অপরিহার্য। এ ক্ষেত্রে বিআরডিবি'র জেলা ও উপজেলা পর্যায়ে কর্মরত কর্মকর্তা-কর্মচারীগণকে প্রকল্পটির সফল বাস্তবায়নে কার্যকরী ভূমিকা পালন করতে হবে।

প্রকল্পটির সফল বাস্তবায়নে মাঠ পর্যায়ের কার্যক্রম পরিচালনার নিমিত্ত ইতোমধ্যে প্রকল্প সংশ্লিষ্ট জেলা ও উপজেলা দপ্তরে বেশ কিছু খাতের বার্ষিক প্রয়োজনীয় অর্থ ছাড় করা হয়েছে। এ সকল খাতের অর্থ বিধি মোতাবেক ব্যবহারের মাধ্যমে প্রকল্পের সার্বিক কার্যক্রম সুষ্ঠ ও সুন্দরভাবে বাস্তবায়ন করতে হবে। আর এ কাজে উপজেলা পর্যায়ে মাঠ সংগঠক পদের জনবলের প্রয়োজনীয়তা রয়েছে। উল্লেখ্য, জনবল নিয়োগ/ পদায়ন প্রক্রিয়া একটি সময়সাপেক্ষ কাজ। প্রকল্পটির আউটসোর্সিং ভিত্তিতে জনবল নিয়োগ/ পদায়ন বর্তমানে প্রক্রিয়াধীন থাকায় মাঠ সংগঠক সহ অন্যান্য পদে এমুহূর্তে জনবল নিয়োগ/ পদায়ন করা সম্ভব হচ্ছে না। অথচ প্রকল্পটি নির্ধারিত সময়ে বাস্তবায়নে অনতিবিলম্বে প্রকল্পের মাঠ পর্যায়ের কাজ শুরু একান্ত অনস্বীকার্য। এহেন পরিস্থিতিতে প্রকল্পটি বাস্তবায়নে প্রকল্পভুক্ত প্রত্যেক উপজেলায় চলমান বিআরডিবি'র যে কোন প্রকল্প/ কর্মসূচীর একজন কর্মঠ, সৎ, যোগ্য ও দক্ষ কর্মচারীকে "দারিদ্র্য বিমোচনের লক্ষ্যে পুষ্টি সমৃদ্ধ উচ্চ মূল্যের অপ্রধান শস্য উৎপাদন ও বাজারজাতকরণ কর্মসূচী" শীর্ষক প্রকল্পের কার্যক্রম পরিচালনার জন্য সাময়িক দায়িত্ব প্রদানের জন্য বলা হলো। দায়িত্বপ্রাপ্ত কর্মচারী প্রকল্পের মাঠ সংগঠক নিয়োগ/পদায়ন হওয়ার পূর্ব পর্যন্ত উক্ত পদের দায়িত্ব ও কর্তব্য যথাযথভাবে পালন করবেন। প্রকল্পের আওতাধীনে মাঠ সংগঠক নিয়োগ/ পদায়ন হওয়ার পরপরই সমায়িকভাবে দায়িত্ব প্রদানকৃত কর্মচারীকে দায়িত্ব হতে অব্যাহতি প্রদান করতে হবে। উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা কর্তৃক এরূপ সাময়িক দায়িত্ব প্রদানকৃত কর্মচারী প্রকল্প হতে নিম্নরূপ সুযোগ-সুবিধা প্রাপ্য হবেন:

(ক) উপজেলা দপ্তরে বরাদ্দকৃত সম্মানীভাতা খাতের অর্থ, যা ডিপিপি'র 'সম্মানীভাতা/ফি/পারিশ্রমিক' খাত হিসেবে উল্লেখিত, উক্ত অর্থ হতে বিধি অনুসারে সাময়িক দায়িত্ব পালনকৃত মাসসমূহের জন্য মাসিক ৯৩০ (নয়শত ত্রিশ) টাকা হারে সম্মানীভাতা/ ফি/ পারিশ্রমিক হিসেবে প্রাপ্য হবেন (সম্মানীভাতা খাতের অর্থ ব্যয়ের পরিপত্র অনুসরণে ইউআরডিও কর্তৃক সাময়িক দায়িত্ব প্রদান পরবর্তীতে দায়িত্ব প্রাপ্ত কর্মচারী সাময়িক দায়িত্ব পালনের তারিখ হতে প্রাপ্য হবেন)।

(খ) মাঠ সংগঠকের সাময়িক দায়িত্ব পালনকারী কর্মচারী মাঠ সংগঠক পদের বিপরীতে উপজেলা দপ্তরে বরাদ্দকৃত ভ্রমণ ভাতা হতে মাসিক ৬০০ (ছয়শত) টাকা হারে সাময়িক দায়িত্ব পালনকৃত সময়ের জন্য ভ্রমণভাতা প্রাপ্য হবেন।

এমতাবস্থায়, বিআরডিবি কর্তৃক বাস্তবায়নাধীন "দারিদ্র্য বিমোচনের লক্ষ্যে পুষ্টি সমৃদ্ধ উচ্চ মূল্যের অপ্রধান শস্য উৎপাদন ও বাজারজাতকরণ কর্মসূচী" শীর্ষক প্রকল্পটি সফলভাবে বাস্তবায়নে উপর্যুক্ত নির্দেশনা যথাযথভাবে অনুসরণপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানানো হলো।

সংযুক্তি: সম্মানীভাতা খাতের অর্থ ব্যয় সংক্রান্ত পরিপত্র।

মোঃ গিয়াস উদ্দিন আহমেদ
মহাপরিচালক
ফোন: ০২ ৮১৮০০০২

১। উপপরিচালক
বিআরডিবি, জেলাদপ্তর: ---------------------------------------------(সকল)।

২। উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা
বিআরডিবি, উপজেলা: ----------------------------------------------(২৫৬); জেলা:------------------------------------------।

চলমান..

স্মারক নম্বর: ৪৭.৬২.০০০০.৯৮১.১৪.০১৪.১৯.৬৯ তারিখ: ৩১/১০/২০১৯ খ্রিঃ।

অনুলিপি: সদয় অবগতি/ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত:

১। পরিচালক (প্রশাসন/অর্থ/সরেজমিন/পরিকল্পনা/প্রশিক্ষণ), বিআরডিবি, ঢাকা।

২। উপপরিচালক (প্রোগ্রামিং), বিআরডিবি, ঢাকা (বিআরডিবি'র ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

৩। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৪। অফিস নথি।

৩১/১০/১৯

মোঃ তাফজেল হোসেন
প্রকল্প পরিচালক
ফোন: ০২ ৮১৮০০৪৬
E-mail: pdmcpmp@gmail.com

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
দারিদ্র্য বিমোচনের লক্ষ্যে পুষ্টি সমৃদ্ধ উচ্চ মূল্যের অপ্রধান শস্য উৎপাদন ও বাজারজাতকরণ কর্মসূচী
পল্লীভবন (৭ম তলা)
৫ কাওরানবাজার, ঢাকা-১২১৫।
*Web: www.brdb.gov.bd*

স্মারক নম্বর: ৪৭.৬২.০০০০.৯৮১.১৪.০১৪.১৯.৬৫ তারিখ: ৩০/১০/২০১৯ খ্রিঃ।

**পরিপত্র**

বিষয়: "দারিদ্র্য বিমোচনের লক্ষ্যে পুষ্টি সমৃদ্ধ উচ্চ মূল্যের অপ্রধান শস্য উৎপাদন ও বাজারজাতকরণ কর্মসূচী" শীর্ষক প্রকল্পের সম্মানীভাতা খাতের অর্থ ব্যয়ের নির্দেশনা।

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি) কর্তৃক বাস্তবায়নাধীন "দারিদ্র্য বিমোচনের লক্ষ্যে পুষ্টি সমৃদ্ধ উচ্চ মূল্যের অপ্রধান শস্য উৎপাদন ও বাজারজাতকরণ কর্মসূচী" শীর্ষক উন্নয়ন প্রকল্পটি বাংলাদেশের পল্লীর দরিদ্র জনগোষ্ঠীর জীবনযাত্রার মানোন্নয়ন এবং অপ্রধান শস্যের আমদানি নির্ভরতা হ্রাসকরণের উদ্দেশ্যে বাস্তবায়িত হচ্ছে। প্রকল্পটি বাস্তবায়নের নিমিত্ত ইতোমধ্যে প্রকল্প সংশ্লিষ্ট জেলা উপজেলা দপ্তরে ঋণ তহবিল ও প্রকল্পের আউটসোর্সিং জনবলের বেতনভাতা খাত ব্যতীত অন্যান্য খাতের বার্ষিক বরাদ্দের সমূদয় অর্থ ছাড় করা হয়েছে। এ সকল খাতের মধ্যে, প্রকল্পটি সাফলভাবে বাস্তবায়নে প্রকল্প বাস্তবায়নকারী সংস্থা বিআরডিবি'র জেলা/উপজেলা পর্যায়ে কর্মরত বিভিন্ন পদের জনবল কর্তৃক প্রকল্পের যাবতীয় কার্যক্রম নিবিড় মনিটরিং, নেটওয়ার্কিং জোরদারকরণ সহ সকল কর্মকান্ড তদারকি করার প্রয়োজনীয়তা থাকায় এ সকল জনবলের লজিষ্টিক সাপোর্ট প্রদানসহ কাজে উৎসাহ ও উদ্দীপনা সৃষ্টির নিমিত্ত প্রস্তাবিত প্রকল্পে সম্মানীভাতা খাতে (ডিপিপি'র সম্মানীভাত/ ফি/ পারিশ্রমিক খাতে) অর্থ ব্যয়ের সংস্থান রাখা হয়েছে। ২০১৯-২০ অর্থবছরের জেলা ও উপজেলা দপ্তরে ছাড়কৃত এ সম্মানীভাতা খাতের অর্থ ব্যয়ে নিম্নরূপ নির্দেশনা প্রতিপালন করতে হবে:

১। প্রকল্প কার্যক্রম নিবিড়ভাবে মনিটরিং করাসহ প্রকল্প সংশ্লিষ্ট সার্বিক কার্যক্রম বাস্তবায়নের নিমিত্ত জেলাদপ্তরের উপপরিচালকগণ মাসে ১০০০ (এক হাজার) টাকা ও হিসাবরক্ষকগণ মাসে ৫০০(পাঁচশত) টাকা হারে এবং উপজেলা দপ্তরের উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা মাসে ৮০০ (আটশত) টাকা, সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা মাসে ৬০০ (ছয়শত) টাকা এবং হিসাবরক্ষক মাসে ৫০০(পাঁচশত) টাকা হারে সম্মানীভাতা খাতের অর্থ প্রাপ্য হবেন। ইহা সেপ্টেম্বর-২০১৯ মাস হতে কার্যকর হবে।

২। একই কর্মকর্তা/কর্মচারী একাধিক পদের দায়িত্বে কর্মরত থাকিলেও তিনি কেবলমাত্র একটি পদের বিপরীতে সম্মানীভাতা গ্রহণ করতে পারবেন।

৩। জেলা দপ্তরের সম্মানীভাতা খাতের অর্থ হতে উপপরিচালক ও হিসাবরক্ষকের সম্মানীভাতা বাবদ বার্ষিক প্রয়োজনীয় অর্থ সংরক্ষণ/ব্যয় পূর্বক অবশিষ্ট অর্থ প্রকল্প বাস্তবায়ন কাজে সহযোগী সংস্থার কর্মকর্তাগণের সমন্বয়ে আয়োজিত কোন সভায় বা প্রকল্পের জেলা বাস্তবায়ন কমিটি'র সভায় সম্মানী হিসেবে ব্যয় করা যাবে।

৪। প্রকল্পের উপজেলা দপ্তরের সম্মানীভাতা খাতের অর্থ হতে উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা ও হিসাবরক্ষকের সম্মানীভাতা বাবদ বার্ষিক প্রয়োজনীয় অর্থ সংরক্ষণ/ব্যয় পূর্বক অবশিষ্ট অর্থ প্রকল্প বাস্তবায়নে সাময়িকভাবে মাঠ সংগঠকের দায়িত্ব পালনকারী কর্মচারীর সম্মানী/ফি/পারিশ্রমিক হিসাবে মাসে ৯৩০ (নয়শত ত্রিশ) টাকা হারে প্রদান করা যাবে। প্রকল্পের মাঠ সংগঠক পদে আউটসোর্সিং জনবল উপজেলা দপ্তরে যোগদানের পর সাময়িকভাবে মাঠ সংগঠকের দায়িত্ব পালনকারী কর্মচারীকে উক্ত দায়িত্ব হতে অব্যহতি প্রদান করতে হবে বিধায় উক্ত সময় পরবর্তীতে এ অর্থ প্রদান/ব্যয় করা যাবে না।

৫। আর্থিক বিধি-বিধানসমূহ যথাযথভাবে অনুসরণে এ খাতের অর্থ ব্যয় করতে হবে। ব্যর্থতায় সংশ্লিষ্ট আয়ন-ব্যয়ন কর্মকর্তা ব্যক্তিগতভাবে দায়ী হবেন।

মোঃ গিয়াস উদ্দিন আহমেদ
মহাপরিচালক
ফোন: ০২ ৮১৮০০০২

বিতরণ:

১। উপপরিচালক
বিআরডিবি, জেলাদপ্তর: ------------------------------------------- (সকল)।

২। উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা
বিআরডিবি, উপজেলা: -------------------------------------------; জেলা:-------------------------------------------।